

💵 ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ বিভিন্ন সময়ের দো'আ সমূহ (الدعوات في الأوقات) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

২০. তওবা ও ইস্তেগফার (অনুতপ্ত হওয়া এবং আল্লাহর নিকটে ক্ষমা প্রার্থনা করা)

আল্লাহ তাঁর বিশ্বাসী বান্দাদের প্রতি উদাত্ত আহবান জানিয়ে বলেন, وَتُوْبُواْ إِلَى اللهِ جَمِيْعًا أَيُّهَ الْمُؤْمِنُوْنَ لَعَلَّكُمْ (হে বিশ্বাসীগণ! তোমরা সকলে আল্লাহর দিকে ফিরে যাও। তাহ'লে তোমরা সফলকাম হবে' (নূর ২৪/৩১)।

রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, হে মানুষ! তোমরা আল্লাহর দিকে ফিরে যাও। কেননা আমি দৈনিক একশা বার তওবা করি।[129] তিনি বলেন, 'আল্লাহ সবচেয়ে খুশী হন বান্দা তওবা করলো'। [130] তিনি আরও বলেন, كُلُّ بَنِي آدَمَ 'সকল আদম সন্তান ভুলকারী। আর ভুলকারীদের মধ্যে সেরা তারাই, যারা তওবাকারী'।[131]

তওবা শুদ্ধ হবার শর্তাবলী : আল্লাহ ও বান্দার মধ্যকার বিষয় হ'লে তওবা শুদ্ধ হওয়ার শর্ত হ'ল তিনটি।

- (১) ঐ পাপ থেকে বিরত থাকবে
- (২) কৃত অপরাধের জন্য অনুতপ্ত হবে
- (৩) ঐ পাপ পুনরায় না করার ব্যাপারে দৃঢ় প্রতিজ্ঞ হবে। আর যদি পাপটি বান্দার সাথে সম্পৃক্ত হয়, তাহ'লে তাকে ৪র্থ শর্ত হিসাবে বান্দার নিকটে ক্ষমা চাইতে হবে। কোন হক বা কিছু পাওনা থাকলে তাকে তা বুঝে দিতে হবে। নইলে তার তওবা শুদ্ধ হবে না'।[132]

তওবার দো'আ:

- (১) الْفَيُّوْمُ وَأَتُوْبُ إِلَيْهِ (১) الْفَيُّوْمُ وَأَتُوْبُ إِلَيْهِ (১) الْفَيُّوْمُ وَأَتُوْبُ إِلَيْهِ (১) আস্তাগিফিরুল্লা-হাল্লাযী লা ইলা-হা ইল্লা হুওয়াল হাইয়ুল কাইয়ুমু ওয়া আতূবু ইলাইহে' (আমি আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা করছি। যিনি ব্যতীত কোন উপাস্য নেই। যিনি চিরঞ্জীব ও বিশ্বচরাচরের ধারক এবং আমি তাঁর দিকেই ফিরে যাচ্ছি (বা তওবা করছি)।[133]
- (২) إِلَهُ إِلاَّ أَنْتَ سُبُحَانَكَ إِنِّي كُنْتُ مِنَ الظَّالِمِيْنَ (২) إِنَهُ إِلاَّ أَنْتَ سُبُحَانَكَ إِنِّي كُنْتُ مِنَ الظَّالِمِيْنَ (২) কিমীন' (হে আল্লাহ! তুমি ব্যতীত কোন উপাস্য নেই। তুমি মহা পবিত্র। নিশ্চয়ই আমি অন্যায়কারীদের অন্তর্ভুক্ত)। রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, যখন কোন মুসলিম কোন সমস্যায় এই দো'আর মাধ্যমে তার পালনকর্তাকে আহবান করে, যা ইউনুস মাছের পেটে গিয়ে করেছিলেন, তখন আল্লাহ তার আহবানে সাড়া দেন। [134]
- (৩) رَبِّ اغْفِرْ لِيْ وَتُبْ عَلَيَّ إِنَّكَ أَنْتَ التَّوَّابُ الرَّحِيْمُ (و) রিবগিফিরলী ওয়া তুব 'আলাইয়া, ইয়াকা আনতাত তাউওয়া-বুর রহীম' (হে আমার প্রতিপালক! আমাকে ক্ষমা কর ও আমার তওবা কবুল কর। নিশ্চয়ই তুমি তওবা কবুলকারী ও দয়াবান) ১০০ বার।[135]

ফুটনোট



- [130] . মুসলিম, মিশকাত হা/২৩৩২।
- [131] . তিরমিযী, ইবনু মাজাহ, দারেমী, মিশকাত হা/২৩৪১, 'দো'আ সমূহ' অধ্যায়-৯, 'ক্ষমা প্রার্থনা ও তওবা করা' অনুচ্ছেদ-৪।
- [132] . নববী, রিয়াযুছ ছালেহীন 'তওবা' অনুচ্ছেদ।
- [133] . তিরমিযী, আবুদাঊদ, মিশকাত হা/২৩৫৩, 'দো'আ সমূহ' অধ্যায়-৯, অনুচ্ছেদ-৪; ছহীহাহ হা/২৭২৭।
- [134] . আম্বিয়া ২১/৮৭; আহমাদ, তিরমিযী, মিশকাত হা/২২৯২, 'দো'আ সমূহ' অধ্যায়-৯, 'আল্লাহর নাম সমূহ' অনুচ্ছেদ-২।
- [135] . আবুদাঊদ, ইবনু মাজাহ, মিশকাত হা/২৩৫২, 'দো'আ সমূহ' অধ্যায়-৯, অনুচ্ছেদ-৪।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9279

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন